গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে স্বাধীনতার ৫০ বছর ও সুবর্ন জয়ন্তী উদযাপনঃ

আজ বৃহস্প্রতিবার সকাল ৮.০০ সময় কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা ও সকল সদস্যদের সাথে নিয়ে পতাকা উত্তলনের মধ্যে দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়।
দ্বিতীয় ধাপে শহীদ মিনারে পুষ্প মাল্য প্রদান করে আলোচনা ও দোয়ার অনুষ্টানের সূচনা হয়।
আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের ত্রান ও সমাজ কল্যান সম্পাদক ও মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের সাধারন সম্পাদক ও কাথুলী ইউনিয়ন পরিষদের পরপর তিনবার নির্বাচিত চেয়ারম্যান মিজানুর রহমান রানা।সভাপতিত্ব করেন ইউপি সদস্য নবীছউদ্দীন,উপস্থিত ছিলেন নব নির্বাচিত ২ নং ওয়ার্ডের মেম্বর আবু হানিফ, ইলিয়াস হোসেন,আবুল কালাম আজাদ,মহিলা সদস্যাবৃন্দ,কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান,জয়নাল আবেদীন,কাথুলী ইউনিয়ন ছাত্রলীগের নব নির্বাচিত সভাপতি জামিল যুগ্ন সাধারন সম্পাদক সাব্বির হোসেন,মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাংগঠনিক শাহীন আলম সহ ইউনিয়ন পরিষদের সহকারী সচিব আসলাম ও গ্রাম পুলিশ বাহিনীর সদস্য বৃন্দ।

গাংনীতে অস্ত্র ও মাদকসহ আওয়ামীলীগ নেতা ও তার দুই সহযোগী আটক

মেহেরপুরের গাংনীতে আওয়ামীলীগ নেতা ও স্কুল কমিটির সাবেক সভাপতি সহ তিনজনকে গ্রেফতার করেছে র্যাব।

মঙ্গলবার দিবাগত রাত ৩ টার দিকে পৌর এলাকার বাঁশবাড়িয়া বাজারের

লিখন কফি হাউজের সামনে তাদের গ্রেফতার করা হয়। এসময় তাদের কাছ থেকে গাঁজা ও দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়েছে।

গ্রেফতারকৃতরা হলেন,ধানখোলা ইউপি (খ) অঞ্চল আওয়ামীলীগের অর্থ বিষয়ক সম্পাদক ও গাড়াডোব মাধ্যমিক বিদ্যালয় পরিচালণা পর্ষদের সাবেক সভাপতি গোলাম সারোয়ার টোকন (৪২),গাড়াডোব গ্রামের মৃত গোলাম রসুলের ছেলে শাহীন (২৯) ও ঢাকা জেলার কদমতলী থানার মোহাম্মদ বাগ এলাকার মৃত খোরশেদ আলমের ছেলে মাহবুবুর রহমান(৫০)।

র্যাব ৬ ঝিনাইদহ ক্যাম্পের প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে,বাঁশবাড়িয়া বাজার এলাকায় কতিপয় ব্যক্তি মাদক ক্রয়-বিক্রয়ের জন্য অবস্থান করছে। এমন সংবাদের ভিত্তিতে র্যাব ৬ গাংনী ক্যাম্পের সদস্যরা অভিযান পরিচালনাকালে তাদের উপস্থিতি টের পেয়ে ঘটনাস্থল থেকে মাদক ক্রয়-বিক্রয়ের সাথে জড়িতরা কৌশলে পালানোর চেষ্টাকালে তাদের গ্রেফতার করা হয়। পরে তাদের কাছ থেকে ৫শ’ গ্রাম গাঁজা, দেশীয় তৈরী একটি রামদা, একটি তরবারি, দুটি মোবাইল এবং চারটি সিমকার্ড উদ্ধার করা হয়। এ ঘটনায় গ্রেফতারকৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রন ও অস্ত্র আইনে গাংনী থানায় মামলা দায়ের পূর্বক তাদের থানায় হস্তান্তর করা হয়েছে।

ধানখোলা ইউপি (খ) অঞ্চল আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও নব নির্বাচিত ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক বলেন, গোলাম সারোয়ার টোকন ধানখোলা (খ) অঞ্চল আওয়ামীলীগের অর্থ বিষয়ক সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন। সে মাদকের সাথে জড়িত থাকলে তার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরে স্ট্যাম্প জালিয়াতি মামলায় ডিসি অফিসের নাজির

[redacted]

[redacted]

[redacted]

[redacted] :

[redacted]

গাংনীতে স্কুল বহির্ভূত শিশুদের মাঝে বই ও শিক্ষা উপকরণ বিতরণ

মেহেরপুরে স্কুল বহির্ভুত শিশুদের মাঝে শিখন কেন্দের বই ও শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে। আজ বুধবার বেলা ১২টার সময় মেহেরপুরের গাংনী উপজেলা সভাকক্ষে একটি শিক্ষন কেন্দ্রের ২৮ জন শিক্ষার্থীর মাঝে বই বিতরণ কাজের উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান এমএ খালেক।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয় পিইডিপি-৪ এর আউট অব স্কুল চিল্ড্রেন কর্মসুচীর উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের আওতায় শিখন কেন্দ্রের শিক্ষা কায্যক্রম বাস্তবায়ন করবে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) নামের একটি বেসরকারি সংস্থা। বই বিতরণকালে মানব উন্নয়নকেদ্◌্◌েরর সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হাসেন,ও উপজেলা প্রোগ্রাম ম্যানেজার আব্দুল করিম,কেন্দ্র সুপারভাইজার তারিফুল ইসলাম জীবন উপস্থিত ছিলেন।

বই বিতরণ অনুষ্ঠানে উপস্থিত বক্তারা বলেন,মেহেরপুর জেলায় ২১০ টি কেন্দ্রে ৬ হাজার ৫৫০ জন ঝরে পড়া শিশু শিক্ষার্থী উপবৃত্তিসহ সরকারি সকল সুবিধায় লেখা পড়ার সুযোগ পাবে। ৬ থেকে ১২ বছরের স্কুল বাহির্ভুত প্রথম শ্রেনী থেকে পঞ্চম শ্রেনী পর্যন্ত লেখা পড়ার সুযোগ পাবে। ৬ মাস অন্তর তাদের বই পরিবর্তন করা হবে এবং তিন বছর পর সমাপনি পরীক্ষায় অংশ গ্রহন করানো হবে। উদ্বোধনী দিনে নিত্যানন্দনপুর গির্জা পাড়ার ২৮জন শিশুদের হাতে নতুন বই ও শিক্ষা উপকরণ তুলে দেয়া হয়।

দর্শনায় মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে ১০ম শ্রেনীর ছাত্রের মৃত্য

চুয়াডাঙ্গায় মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে বৈদ্যুতিক পিলালের সাথে ধাক্কা লেগে ১০ম শ্রেনীর ছাত্রের করুন মৃত্য হয়েছে। জানা যায় মঙ্গলবার (১৪ ডিসেম্বর) রাত ৩ টার দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তির কিছুক্ষণের মধ্যেই তার মৃত্যু হয়।
নিহত রাতুল শেখ (১৬) চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর যদুপুর গ্রামের ঝন্টু শেখের ছেলে এবং জীবননগর উপজেলার উথলী ভোকেশনালের ১০ম শ্রেণির ছাত্র।

এ ঘটনায় আহত হয় রাতুলের বন্ধু তউছিফ (১৬)। আহত তউছিফ এলাকার বাজারের একটি ফার্মেসী থেকে প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফেরে। পরিবারের সদস্যরা জানান, মঙ্গলবার সন্ধা ৭ টার দিকে রাতুল শেখ ও তার বন্ধু তউছিফ আহম্মেদ বেগমপুর বাজারে একটি কফি হাউসে কসে গল্প করছিলো। এ সময় রাতুল কফি হাউস মালিক সাব্বিরের মোটরসাইকেলে তার বন্ধু তউছিফকে সাথে নিয়ে ঘুরতে বের হয়।

পথিমধ্যে বেগমপুর-উথলী সড়কের ফুলতলা নামকস্থানে পৌঁছালে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের একটি বৈদ্যুতিক পোলের সাথে ধাক্কা লাগে। এতে পিছনে বসে থাকা তউছিফ সামান্য আঘাতপ্রাপ্ত হলেও গুরুতর আহত হয় রাতুল শেখ। স্থানীয় লোকজন রাতুলকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়। সেখানে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. হান্নাতুল ফেরদৌস উন্নত চিকিৎসার জন্য রাতুলকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন। রাতেই তাকে রাজশাহী নেয়া হয়। সেখানে নেয়ার কিছুক্ষণের মধ্যে মারা যায় রাতুল।

রাতুলের পরিবারের লোকজন জানান, রাজশাহী নেয়ার পর রাত ৩ টার দিকে মারা যায় সে। তার লাশ বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে গ্রামের কবরস্হানে বেদনা বিধুর পরিবেশে দাফন সম্পর্ন করা হয়েছে।

[redacted]

[redacted]

শৈলকুপায় স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থীর অফিস ভাংচুর

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার ১১ নং আবাইপুর ইউনিয়নে আওয়ামী লীগের মনোনীত নৌকা পার্থী মুক্তার মৃধা ও স্বতন্ত্র প্রার্থী হেলাল বিশ্বাসের কর্মী সমর্থকদের মাঝে ধাওয়া পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে।

মঙ্গলবার সন্ধ্যার পর স্বতন্ত্র প্রার্থীর অফিস উদ্বোধন করাকে কেন্দ্র করে উক্ত ইউনিয়নের মীনগ্রাম বাজারে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

এলাকাবাসি সূত্রে জানা যায়, মীনগ্রাম বাজারে স্বতন্ত্র প্রার্থী হেলাল বিশ^◌াস নির্বাচনী কার্যালয় উদ্বোধন করে চলে আসার পর পরই নৌকার প্রার্থী মুক্তার মৃধা এর কর্মী সমর্থকরা স্বতন্ত্র প্রার্থীর নির্বাচনী অফিসে ব্যাপক ভাংচুর করেছে। অফিস ভাংচুরের পর পরই পলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। বর্তমান এলাকায় থমথমে অবস্থা বিরাজ করছে। তবে যেকোন সময় অপ্রীতিকর ঘটনার আশংকা করছে স্থানীয়রা।

শৈলকুপা থানার ওসি মোঃ রফিকুল ইসলাম বলেন, নৌকার প্রার্থী ও স্বতন্ত্র প্রার্থীর সমর্থকদের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ মোতায়েন করা হয়েছে। বর্তমান এলাকার পরিস্থিতি শান্ত আছে।

হরিনাকুন্ডুতে ট্রলি ও মোটরসাইকেল সংঘর্ষে একজন নিহত

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার শিতলী গ্রামে মোটর সাইকেল ও মাটি টানা ট্রলি (স্যালোইঞ্জিন চালিত লাটাহাম্বার সাথে মুখোমুখি

সংঘর্ষে রাসেল হোসাইন (২৬) নামের এক বিকাশ কর্মী নিহত হয়েছে।

সেসময় আহত হয়েছেন রমজান আলী (৩২) নামের আরও একজন বিকাশ কর্মী। মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৫ টার সময় ওই উপজেলার শিতলী মসজিদ এলাকায় এ দুর্ঘটনাটি ঘটে।

নিহত রাসেল ঝিনাইদহের শৈলকুপা উপজেলার কুলচারা গ্রামের জিরে মন্ডলের ছেলে। আহত রমজান আলী ঝিনাইদহ সদর উপজেলার দোগাছি গ্রামের বাসিন্দা।

ঝিনাইদহ বিকাশ এজেন্টের প্রশাসনিক কর্মকর্তা বিপ্লব হোসেন জানান, হরিণাকুন্ডু উপজেলার বিভিন্ন এলাকায় বিকাশের টাকা লেনদেন করে মোটরসাইকেল যোগে রাসেল ও রমজান আলী ঝিনাইদহ শহরে ফিরছিলেন। পথে শিতলী এলাকায় পৌছালে মাটি টানা ট্রলি’র সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই রাসেলের মৃত্যু হয়। এসময় গুরুত্বর আহত হন রমজান আলী। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে হরিণাকুন্ডু উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে।

হরিণাকুন্ডু থানার ওসি আব্দুর রহিম মোল্লা বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। নিহতের মরদেহ উদ্ধার করে হরিণাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠানো হয়েছে। পরিবারের পক্ষ থেকে অভিযোগ থাকলে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠানো হবে।

আলমডাঙ্গায় ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

আলমডাঙ্গায় ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত। মঙ্গলবার সকাল ৬ টার দিকে বধ্যভূমির বেদিতে শহীদ বুদ্ধিজীবী দিবসে আলমডাঙ্গায় জাতির শ্রেষ্ঠ সন্তানদের প্রতি যথাযোগ্য মর্যদায় শ্রদ্ধা নিবেদন করা হয়েছে।

আলমডাঙ্গা উপজেলা প্রশাসন, বীর মুক্তিযোদ্ধাসহ বিভিন্ন রাজনৈতিক

ও সামাজিক সংগঠনের নেতারা শ্রদ্ধা নিবেদন করেন। দিবস উপলক্ষে মঙ্গলবার সকাল ৬ টার দিকে ফুল দিয়ে বদ্ধভূমিতে শ্রদ্ধা নিবেদন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নুর, উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, ভাইসচেয়ারম্যান সালমুন আহমেদ ডন, বীরমুক্তিযোদ্ধা মইনুদ্দিন, সহকারী কমিশনার ভূমি নাহিদা সুলতানা, মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত, প্রার্ণী সম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি, মৎস্য কর্মকর্তা কামরুজ্জামান আখিঁ, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা, মহিলা তথ্য আপা স্নিগ্ধা দাস, আলমডাঙ্গার প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সাইফুল ইসলাম প্রমূখ।

মেহেরপুরের বারাদী ওয়েভ ফাউন্ডেশন এর প্রশিক্ষণ অনুষ্ঠিত

মেহেরপুর সদরের বারাদীতে বেসরকারী সংস্থা ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে ও পিকেএসএফ বাস্তবায়নাধীন প্রকল্পভুক্ত খামারীদের দক্ষতা উন্নয়নে গবাদী প্রাণী লালন পালন ঝুঁকিহ্রাস বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১০টায় ওয়েভ ফাউন্ডেশন বারাদী শাখার অফিস হলরুমে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রকল্পভুক্ত ৩০ জন খামারিদের নিয়ে গবাদি প্রাণীর লালন-পালনে ঝুঁকি হ্রাস বিষয়ক এই প্রশিক্ষণ প্রদান করা হয়।

প্রশিক্ষণে গবাদি প্রাণীর বাসস্থান খাদ্য ব্যবস্থাপনা প্রজনন ও রোগের প্রতিষেধক ইত্যাদি বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

খামারিদের প্রশিক্ষণ প্রদান করেন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

সাইদুর রহমান, উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের কর্মকর্তা ও ওয়েভ ফাউন্ডেশন এর প্রকল্প সমন্বয় হাসান আল শরীফ।

এসময় উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশন বারাদী শাখার ব্যবস্থাপক লিটন হোসেন, টেকনিক্যাল উজ্জল হোসেন (প্যারাভেট শীপ ফার্ম)।